গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নাছিরনগর, ব্রাহ্মণবাড়িয়া

## টেন্ডার বিজ্ঞপ্তি।

এতদ্বারা সর্বসাধারণ ও প্রকৃত কাঠ ব্যবসায়ীগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলাপ্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া এর ২৯/০৬/২০২২ খ্রি. তারিখের ২২.০১.০০০০.৪২০.৩৩.০০১.২০২২.৪২ (৩০) নং স্মারকপত্রের পরিপ্রেক্ষিতে নাছিরনগর উপজেলা প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র, নাছিরনগর কর্তৃক ১৯৯২-৯৩ সনে সৃজিত হরিপুর ইউনিয়নের কদমতলী হতে হরিপুর পর্যন্ত ৩.০ কি:মি: পূর্বভাগ ইউনিয়নের মকবুলপুর হতে করগ্রাম পর্যন্ত ২.০ কি: মি: এবং নাছিরনগর ইউনিয়নের কলিকুন্ডা হতে নাছিরনগর পর্যন্ত ২.০ কি:মি: সহ মোট ৭.০ কি:মি: বাগান সৃজন করা হয়। বাগান তিনটি কর্তনের বিষয়ে উল্লিখিত শর্তাধীনে আগামী ২৯/০৫/২০২৩ তারিখ টেন্ডার প্রক্রিয়ার মাধ্যমে নিম্নোক্ত গাছসমূহ ক্রয় করতে ইচ্ছুক সর্বসাধারণের নিকট হতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

গাছের বিবরণ:-

| ক্রমিক নং | বাগানের অবস্থান | ইউনিয়ন | সৃজনের সন | পরিমান কি: মি: | গাছের সংখ্যা | লট | লট নং | গাছের ক্রমিক সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | নাছিরনগর-হরিপুর রাস্থার কদমতলী হইতে হরিপুর পর্যন্ত | হরিপুর | ১৯৯২-৯৩ | ৩.০০ | ১৪০ টি | ৭ টি | ০১ | ১-২০ |
| | | | | | | | ০২ | ২১-৪০ |
| | | | | | | | ০৩ | ৪১-৬০ |
| | | | | | | | ০৪ | ৬১-৮০ |
| | | | | | | | ০৫ | ৮১-১০০ |
| | | | | | | | ০৬ | ১০১-১২০ |
| | | | | | | | ০৭ | ১২১-১৪০ |
| ০২ | কুলিকুন্ডা-নাছিরনগর রাস্থার কুলিকুন্ডা হইতে নাছিরনগর পর্যন্ত | নাছিরনগর সদর | ১৯৯২-৯৩ | ২.০০ | ১৫১ টি | ৬ টি | ০৮ | ১-২৫ |
| | | | | | | | ০৯ | ২৬-৫০ |
| | | | | | | | ১০ | ৫১-৭৫ |
| | | | | | | | ১১ | ৭৬-১০০ |
| | | | | | | | ১২ | ১০১-১২৫ |
| | | | | | | | ১৩ | ১২৬-১৫১ |
| ০৩ | মকবুলপুর-গুনিয়ক রাস্থার মকবুলপুর হইতে করগ্রাম পর্যন্ত | পূর্বভাগ | ১৯৯২-৯৩ | ২.০০ | ৯৯ টি | ৫ টি | ১৪ | ১-২০ |
| | | | | | | | ১৫ | ২১-৪০ |
| | | | | | | | ১৬ | ৪১-৬০ |
| | | | | | | | ১৭ | ৬১-৮০ |
| | | | | | | | ১৮ | ৮১-৯৯ |
| | | | মোট= | ৭.০০ | ৩৯০ টি | ১৮ টি | | |

এমতাবস্থায়, আগামী ২৮/০৫/২০২৩ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ে জেলাপ্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া, সহকারী বন সংরক্ষক, সামাজিক বনায়ন জোন, ব্রাহ্মণবাড়িয়া, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নাছিরনগর, ব্রাহ্মণবাড়িয়া এবং সহকারী কমিশনার (ভূমি), নাছিরনগর,ব্রাহ্মণবাড়িয়ার কার্যালয় হতে প্রতিটি লটের জন্য দরপত্রের মূল্য বাবদ নগদ ৫০০/- (পাঁচশত) টাকা অফেরৎযোগ্য দরপত্র ক্রয় করা যাবে এবং ২৯/০৫/২০২৩ তারিখ বেলা ০১.০০ টায় জেলাপ্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নাছিরনগর, ব্রাহ্মণবাড়িয়ার কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র দাখিল করা যাবে। নির্ধারিত সময়ের পর কোনক্রমেই দরপত্র গ্রহণ করা হবে না।

শর্তাবলী:

০১। প্রত্যেক ব্যক্তি/প্রতিষ্ঠানকে সরাসরি টেন্ডার ডাকে অংশগ্রহণ করতে হবে।

০২। দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ২৫% (শতকরা পচিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, নাছিরনগর এর অনুকূলে জমা দিতে হবে। এর ব্যত্যয় ঘটলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। যার দরপত্র গৃহীত হবে, জামানত বাবদ প্রদত্ত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের অর্থ দরপত্রের মুযের সাথে সমন্বয় করা হবে। অন্যান্যদের প্রাপ্ত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরৎ দেয়া হবে।

চলমান পাতা-০২

০৩। যার দরপত্র গৃহীত হবে,দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭ (সাত) কার্য দিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ, দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে অন্যথায় টেন্ডারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় টেন্ডার কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৫। অবশিষ্ট অর্থ টেন্ডার ডাক অনুমোদন/অপসারণাদেশ পাওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে জমা দিতে হবে। উক্ত সময়ের মধ্যে অবশিষ্ট অর্থ জমাদানে ব্যর্থ হলে জামানত বাতিল বলে গণ্য হবে।

০৬। যার দরপত্র গৃহীত হবে তিনি নিজ দায়িত্বে ও নিজ খরচে বর্ণিত গাছ ও ডালপালা ১৫ (পনের) দিনের মধ্যে কর্তন পূর্বক সরিয়ে নিতে হবে।

০৭। গাছ কর্তনের সময় সরকারি স্থাপনার বা অন্য কোন ক্ষতি সাধন করা যাবে না। এর ব্যতিক্রম ঘটলে জরিমানা আদায়সহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৯। টেন্ডার সংক্রান্ত তথ্যাদি অফিস চলাকালীন এ অফিস হতে জানা যাবে।

১০। কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৭/০৫/২৩

মো: ফখরুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
নাছিরনগর, ব্রাহ্মণবাড়িয়া
মোবাইল: ০১৭০৫-৪১১২৩২

স্মারক নম্বর- ০৫.৪২.১২৯৪.০০০.০২.০১৩.২৩- ৪৪৭

তারিখ- ২৪ বৈশাখ ১৪৩০ / ০৭ মে ২০২৩

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। জেলাপ্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া। সদয় অবগতির জন্য।

০২। পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া।

০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাছিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।

০৪। সহকারী কমিশনার (ভূমি), নাছিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।

০৫। সহকারী বন সংরক্ষক, সামাজিক বনায়ন জোন, ব্রাহ্মণবাড়িয়া।

০৬। অফিসার ইন-চার্জ, নাছিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।

০৭। উপজেলা.................................................কর্মকর্তা, নাছিরনগর, ব্রাহ্মণবাড়িয়া। নোটিশ বোর্ডে প্রদর্শনসহ বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ ।

০৮। চেয়ারম্যান, .........................................................ইউনিয়ন পরিষদ (সকল) নাছিরনগর, ব্রাহ্মণবাড়িয়া। বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।

০৯। সভাপতি/সম্পাদক, প্রেসক্লাব, নাছিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।

১০। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, .........................................................ইউনিয়ন ভূমি অফিস নাছিরনগর, ব্রাহ্মণবাড়িয়া। বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।

১১। ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, নাছিরনগর, ব্রাহ্মণবাড়িয়া। বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।

১২। সম্পাদক, দৈনিক তিতাস কণ্ঠ, ব্রাহ্মণবাড়িয়া। ( উক্ত বিজ্ঞপ্তটি তাঁর পত্রিকায় স্বল্প পরিসরে অথবা নির্ধারিত কলাম ৪ এবং ১৭ ইঞ্চিতে ০১ (এক) দিনের জন্য প্রকাশ করার অনুরোধ করা হল)

১৩। নোটিশ বোর্ড।

০৭/০৫/২৩

উপজেলা নির্বাহী অফিসার
নাছিরনগর, ব্রাহ্মণবাড়িয়া